

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০০১.২০১৭-০৪

তারিখ : ১৪ জানুয়ারি ২০১৮

বিষয় : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের “সহকারী প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী” (৯ম গ্রেড) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী।

গত ৩১.০৫.২০১৭ তারিখের ৪২ নং ক্রমিকের বিজ্ঞাপন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের “সহকারী প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী” (৯ম গ্রেড) পদের লিখিত পরীক্ষা আগামী ২৪.০১.২০১৮ তারিখ বুধবার, বেলা-১.০০ থেকে ৪.০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী

- এ পদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে। অনলাইনে আবেদনকারী প্রার্থীগণ তাদের ডাউনলোডকৃত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েব সাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১(এক) ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- পরীক্ষা কক্ষে সাইন্ডিফিক ক্যালকুলেটর, বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার ইলেকট্রনিক ডিভাইস এবং কোন ধরনের ঘড়ি আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
- প্রার্থীকে বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ ও টেকনিক্যাল-৬০ সহ মোট ২০০ নম্বরের ৩ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীকে একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার অসামু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- এ বিজ্ঞপ্তি কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইটে এবং কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

- ❖ পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
- ❖ চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন্-ক্যাডার)
(অতিঃ সচিব)